# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 31-10-2025** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, 'বিকশিত ভারত'-এর স্বপ্ন পূরণে দেশের নাগরিকদের ঐক্যবদ্ধ হবার আহ্বান জানিয়েছেন।

২/ সারা দেশ জুড়ে যথাযথ মর্যাদার সঙ্গে পালিত হচ্ছে দেশের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের সার্ধশতজন্মবার্ষিকী। শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি-সহ অন্যান্যরা।

৩/ জাতীয় একতা দিবস উপলক্ষ্যে দিল্লির ধ্যানচাঁদ জাতীয় স্টেডিয়াম থেকে 'একতা দৌড়' বা রান ফর ইউনিটি-র সূচনা করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্।

৪/ বিহার বিধানসভা নির্বাচনের জন্য আজ ইস্তেহার প্রকাশ করেছে এনডিএ।

৫/ ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র আগামী ১০ বছরের জন্য প্রতিরক্ষা ক্ষেত্রে সহযোগিতার জন্য একটি পরিকাঠামো সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করেছে।

৬। মেলবোর্নে আজ ভারত পাচঁ ম্যাচের টি-২০ ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশের নাগরিকদের কাছে 'বিকশিত ভারত'-এর স্বপ্ন পূরণে সকলকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানিয়েছেন। সর্দার বল্লভভাই প্যাটেলের

১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে গুজরাটের একতা নগরে জাতীয় একতা দিবস উদযাপন উপলক্ষ্যে এক সমাবেশে ভাষণ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, ২০১৪ সাল থেকে সরকার নকশালবাদ এবং মাওবাদী সন্ত্রাসবাদ দমনে নির্ণায়ক ভূমিকা গ্রহণ করেছে। তিনি বলেন, ২০১৪ সালের আগে সারা দেশে অন্তত একশোটি জেলা মাওবাদী অধ্যুষিত ছিল, কিন্তু আজ সেই সংখ্যা মাত্র এগারোটিতে নেমে এসেছে। প্রধানমন্ত্রী জাতীয় ঐক্যকে শক্তিশালী করার সম্মিলিত সংকল্পকে পুনর্ব্যক্ত করেন। তিনি জোর দিয়ে বলেন, প্রতিটি নাগরিককে জাতির কাঠামোকে দুর্বল করে এমন যেকোনো চিন্তাভাবনা বা পদক্ষেপকে প্রত্যাখ্যান করতে হবে। তিনি বলেন যে স্বাধীনতার পর সর্দার প্যাটেল 'এক ভারত, শ্রেষ্ঠ ভারত'-এর দৃষ্টিভঙ্গি বাস্তবায়নে সাড়ে পাঁচশোরও বেশি প্রদেশকে একসূত্রে বেঁধে আপাতদৃষ্টিতে এক অসম্ভবকে সম্ভব করেছিলেন।

বাইট – প্রধানমন্ত্রী (নক্সাল)

ভারতের সমৃদ্ধ আধ্যাত্মিক ও সাংস্কৃতিক ঐতিহ্যের কথা তুলে ধরে শ্রী মোদী বলেন, দ্বাদশ জ্যোতির্লিঙ্গ, শক্তিপীঠ এবং চারধাম জাতির প্রাণশক্তির প্রতীক, যা বিভিন্ন অঞ্চল এবং ধর্মের মানুষকে আবদ্ধ করে। তিনি দেশের ভাষাগত বৈচিত্র্যের প্রশংসা করে এটিকে দেশের অন্যতম বৃহৎ শক্তি বলে অভিহিত করেন। ভাষাগুলিকে ঐক্যের প্রতীক হিসেবে চিহ্নিত ক'রে প্রধানমন্ত্রী সব ভারতীয় ভাষার প্রচার ও সংরক্ষণের জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

অপারেশন সিন্দুরে ভারতের সাফল্যের কথাও এদিন তুলে ধরেন তিনি।

বাইট-প্রধানমন্ত্রী(সিন্দুর)

প্রধানমন্ত্রী পক্ষপাতহীনভাবে দেশের উন্নয়ন এবং দারিদ্র্য দূরীকরণে সরকারের সাফল্যের কথা তুলে ধরে বলেন, গত দশকে দেশের ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে মুক্তি পেয়েছে। তিনি, দেশের নাগরিকদের জাতীয় চেতনায় উদ্বুদ্ধ হতে স্বচ্ছ

শাসনব্যবস্থা, পরিকাঠামোগত সম্প্রসারণ এবং দুর্নীতি দমনের জন্য গৃহীত নীতিগুলিকে কৃতিত্ব দেন।

শ্রী মোদী, ‘একতা’কে জাতীয় শক্তির মন্ত্রে পরিণত ক’রে, এবং সর্দার প্যাটেলের দৃষ্টিভঙ্গি স্মরণ ক’রে শক্তিশালী, উন্নত এবং অখণ্ড ভারত গঠনে একযোগে কাজ করার আহ্বান জানান।

এর আগে প্রধানমন্ত্রী স্ট্যাচু অফ ইউনিটিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে সর্দার প্যাটেলের উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করেন। এই উপলক্ষে একতা দিবসের শপথ গ্রহণ করান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী এরপর একতা দিবসের বর্ণাঢ্য ঐক্য কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন। কুচকাওয়াজে বি এস এফ, সি আর পি এফ এবং বিভিন্ন রাজ্য পুলিশ বাহিনীর সদস্যরা অংশ নেন। এবছর, প্রজাতন্ত্র দিবসের আদলে আয়োজিত 'রাষ্ট্রীয় একতা কুচকাওয়াজ' ‘এক ভারত শ্রেষ্ঠ ভারত’-এর বার্তাকেই প্রতিফলিত করছে। এ বছর কুচকাওয়াজে বিএসএফের মার্চিং কন্টিনজেন্টে রামপুর এবং মুধোল হাউন্ডের মতো দেশীয় প্রজাতির কুকুর আনা হয়েছে, যা 'আত্মনির্ভর ভারত'-এর চেতনাকে তুলে ধরে।

‘বৈচিত্র্যের মধ্যে ঐক্য’-এর ভাবনাকে তুলে ধরতে বিভিন্ন রাজ্য সহ এন এস জি, এন ডি আর এফের মতো কেন্দ্রীয় সংস্থাগুলি দশটি বিশেষ ট্যাবলো প্রদর্শন করছে। কুচকাওয়াজের পর, প্রধানমন্ত্রী শাসনব্যাবস্থার পুনর্গঠন সংক্রান্ত “আরম্ভ”-এর সপ্তম দফার সমাপ্তি অনুষ্ঠানে শততম ফাউন্ডেশন কোর্সের অফিসার ট্রেনিদের সঙ্গে মতবিনিময় করবেন।

oooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫১ তম জন্মদিনটি দেশ জুড়ে ‘একতা দিবস’ হিসেবে পালিত হচ্ছে। দেশকে পরাধীনতার হাত থেকে মুক্ত করতে স্বাধীনতা আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিলেন সর্দার প্যাটেল। ভারতের ‘লৌহ মানব’ আখ্যা দেওয়া হয়েছিল তাঁকে।

(ভাষণ – সর্দার প্যাটেল)

oooooooooooooooooooooo

দিল্লির প্যাটেল চকে আজ সকালে সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সর্দার প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে এবং জাতীয় একতা দিবসে তিনি দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানান। রাষ্ট্রপতি মুর্মু বলেন, সরদার প্যাটেল ছিলেন এক মহান দেশপ্রেমিক, দূরদর্শী নেতা এবং জাতি গঠনের অন্যতম স্থপতি। অটল সংকল্প, অদম্য সাহস এবং দক্ষ নেতৃত্বের মাধ্যমে তিনি দেশের ঐতিহাসিক একত্রীকরণ সম্পন্ন করেছিলেন।

এক সামাজিক মাধ্যমে পোস্টে রাষ্ট্রপতি জানান, সর্দার প্যাটেলের নিষ্ঠা এবং জাতীয় সেবার মনোভাব আজও' সমস্ত ভারতবাসীকে অনুপ্রাণিত করে।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন লৌহপুরুষ সরদার বল্লভভাই প্যাটেলকে শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, সরদার প্যাটেলের অটল সংকল্প ও দূরদর্শিতা একটি বৈচিত্র্যময় জাতিকে ঐক্যবদ্ধ গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত করেছিল। উপরাষ্ট্রপতি বলেন, দেশপ্রেম, শৃঙ্খলা এবং অটল সংকল্পের যে উত্তরাধিকার প্যাটেল রেখে গেছেন, তা ভারতের অগ্রগতি ও দৃঢ়তাকে আজও পথ

দেখায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী জাতীয় একতা দিবস উপলক্ষে দিল্লির মেজর ধ্যানচাঁদ জাতীয় স্টেডিয়াম থেকে 'একতা দৌড়'-এর সূচনা করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেন স্বাধীনতার পর দেশকে ঐক্যবদ্ধ করতে ও আজকের ভারত গঠন করতে সর্দার প্যাটেলের অবদান অপরিসীম। ভারতের স্বাধীনতার পর ব্রিটিশরা ৫৬২টি রাজন্য শাসিত প্রদেশে বিভক্ত দেশ ছেড়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়। তবে খুব অল্প সময়ের মধ্যেই সর্দার প্যাটেল ওই ৫৬২টি প্রদেশকে ভারতের সঙ্গে যুক্ত করার বিশাল কাজ সম্পন্ন করেন। এখন বিশ্ব যে আধুনিক ভারতের মানচিত্র দেখছে তা তাঁর দৃষ্টিভঙ্গি এবং প্রচেষ্টার ফল। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ৩৭০ ধারা বাতিল করে কাশ্মীরকে ভারতের সঙ্গে যুক্ত করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সর্দার প্যাটেলের সংকল্প পূরণ করেছেন।

উল্লেখ্য ২০১৪ সাল থেকে প্রতি বছর ৩১শে অক্টোবর সরকার সর্দার প্যাটেলের প্রতি শ্রদ্ধা জানাতে একতার জন্য দৌড় রান ফর ইউনিটি অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে বলে শ্রী শাহ জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকালে নতুন দিল্লির রোহিণীতে International Aryan Summit আন্তর্জাতিক আর্য শীর্ষ সম্মেলন ২০২৫-এ অংশগ্রহণ করবেন। মহর্ষি দয়ানন্দ সরস্বতীর ২০০তম জন্মবার্ষিকী এবং আর্য সমাজের ১৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত জ্ঞান জ্যোতি উৎসবের এই অনুষ্ঠানে বক্তব্য রাখবেন শ্রী মোদী।

উল্লেখ্য এই শীর্ষ সম্মেলনে ভারত এবং বিদেশের আর্য সমাজের প্রতিনিধিরা একত্রিত

হবেন - যা মহর্ষি দয়ানন্দের সংস্কারবাদী আদর্শের সার্বজনীন প্রাসঙ্গিকতা এবং সংগঠনের বিশ্বব্যাপী প্রচারের প্রতিফলন ঘটাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ৪২-তম প্রয়াণ দিবস উপলক্ষে আজ দেশ জুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। কংগ্রেস এর তরফ থেকে দিনটি 'আত্মবলিদান দিবস' হিসেবে পালিত হয়। ১৯৮৪ সালের আজকের দিনে  নতুন দিল্লিতে দেহরক্ষীর গুলিতে প্রাণ হারান ইন্দিরা গান্ধী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিহারে বিজেপি-জেডি(ইউ) নেতৃত্বাধীন এনডিএ জোট আজ তাদের নির্বাচনী ইস্তেহার 'সংকল্প পত্র' প্রকাশ করেছে। এবারের বিধানসভা নির্বাচনে জিতলে বিহারবাসীর জন্য একাধিক প্রতিশ্রুতি পূরণের কথা বলা হয়েছে এনডিএ-র ইস্তেহারে। আগামী পাঁচ বছরে এক কোটি সরকারি চাকরি ও কর্মসংস্থানের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। আর্থিক উন্নয়নের মাধ্যমে বিহারের এক কোটি মহিলাকে 'লাখপতি দিদি' করার ঘোষণাও করেছে এনডিএ জোট।

কর্মসংস্থান, স্কিল ডেভেলপমেন্ট, যুব সম্প্রদায়-কৃষক-দলিত ও মহিলাদের উন্নয়নের কথা ইস্তেহারে বলা হয়েছে।

বিহারে ফের ক্ষমতায় ফিরলে বিনামূল্যে রেশন, ১২৫ ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যুৎ, পাঁচ লক্ষ টাকা পর্যন্ত স্বাস্থ্যবিমার প্রতিশ্রুতি দিয়েছে এনডিএ। গরীবদের জন্য ৫০ লক্ষ নতুন পাকা বাড়ি গড়ে দেওয়ার কথাও বলা হয়েছে ইস্তেহারে। কৃষক সম্মান নিধি প্রকল্পের আওতায় কৃষকদের বার্ষিক সহায়তার পরিমাণ ৬০০০ টাকা থেকে বাড়িয়ে ৯০০০ টাকা করা হবে বলেও এনডিএ শিবির জানিয়েছে। পাশাপাশি, ১০টি

শিল্প পার্ক, ডিফেন্স করিডর ও সেমিকন্ডাক্টর উৎপাদন কেন্দ্র গড়ে তোলার কথাও বলা হয়েছে।

বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা এদিন পটনা থেকে ইস্তেহার প্রকাশ করেন। উপস্থিত ছিলেন বিহারে এনডিএ জোটের অন্য পাঁচ দলের শীর্ষ নেতৃত্ব।

oooooooooooooooooooo

বিভিন্ন রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল, কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী, কেন্দ্রীয় পুলিশ সংস্থার এক হাজার ৪৬৬ জন কর্মীকে 'কেন্দ্রীয় গৃহমন্ত্রী দক্ষতা পদক' প্রদান করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে যে চারটি ক্ষেত্রে সংশ্লিষ্ট আধিকারিকদের কর্মক্ষেত্রে দক্ষতার স্বীকৃতি এবং উচ্চ পেশাদারিত্বের মান বৃদ্ধির জন্য এই পদক প্রদান করা হয়। প্রতি বছর ৩১শে অক্টোবর সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী উপলক্ষে এই পদক প্রদান করা হয়। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে স্বরাষ্ট্রমন্ত্রক কর্তৃক এটির সূচনা করা হয়।

oooooooooooooooooooooo

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র আগামী ১০ বছরের জন্য প্রতিরক্ষা ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার জন্য একটি পরিকাঠামো সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করেছে। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, তিনি মালয়েশিয়ার কুয়ালালামপুরে মার্কিন যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অফ ওয়ার যুদ্ধ বিষয়ক সচিব পিট হেগসেথের সঙ্গে বৈঠকে এই চুক্তি স্বাক্ষর করেছেন, যা উভয় দেশের শক্তিশালী প্রতিরক্ষা অংশীদারিত্বের ক্ষেত্রে একটি নতুন যুগের সূচনা করবে। প্রতিরক্ষা মন্ত্রী

বলেছেন, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি ও সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে এই চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মেলবোর্নে আজ ভারত পাচঁ ম্যাচের টি -২০ ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় দুপুর পৌনে দুটোয়। গতকাল ক্যানবেরায় সিরিজের প্রথম ম্যাচটি বৃষ্টির কারণে পরিত্যক্ত ঘোষণা করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০